

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ / ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২১৩-আইন/২০১০/৫৬২-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরনামা সংখ্যা (Heading Nos) 84.18 এবং 87.11 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ (H.S. Code) কোডের আওতাধীন কলাম (3) এ বর্ণিত রেফ্রিজারেটর, ফ্রিজার ও মোটর সাইকেলকে, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, স্থানীয় উৎপাদন পর্যায়ে উহাদের উপর আরোপনীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

শর্তাবলী

- (ক) সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে;
- (খ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বিনিয়োগ বোর্ড হইতে উৎপাদক হিসেবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
- (গ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মোন্ড ও ডাইস তৈরীর প্লান্ট ও উহা তৈরীর সংশ্লিষ্ট মেশিনারী যেমন, Verticle Machining Centre (VMC), Electric Discharge Machine (EDM), Wire Cut Machine থাকিতে হইবে;
- (ঘ) রেফ্রিজারেটর ও ফ্রিজার উৎপাদনকারী প্রতিষ্ঠানে Poly Unrethane Foaming Plant, Powder Coating Plant, Injection Molding Machine, ETP Plant, Thermoforming Plant, Roller Forming Machine, Gasket, Making Plant, ABS & HIPS Sheet Co-Extruding Machine Line, Humidity & Temperature Testing Chamber, Moisturing Testing Machine, Salt spray Testing Machine, Die Casting Machine, Hardness Testing Machine & Packing Unit থাকিতে হইবে;
- (ঙ) মোটর সাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠানে Powder coating Plant, Injection Molding Machine, ETP Plant, Computerized Testing Section, Die Casting Machine, Salt spray Testing Machine, Hardness Testing Machine, Poly Urethane Machine, Universal Testing Machine, Liquid Painting System, Shot Blasting Machine, Pipe Bending Machine & Power press and Hydraulic press Machine থাকিতে হইবে এবং উক্ত প্রতিষ্ঠানকে BRTA (Bangladesh Road Transport Authority) হইতে উৎপাদকারী প্রতিষ্ঠান হিসেবে অনুমোদন গ্রহণ করিতে হইবে;

(চ) দফা (ঘ) এবং (ঙ) তে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহকে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে;

(ছ) উক্ত আবেদনের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গঠিত নিম্নে বর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে।

কমিটি গঠনঃ

- (১) দ্বিতীয় সচিব (মুসক), জাতীয় রাজস্ব বোর্ড;
- (২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
- (৩) সংশ্লিষ্ট মুসক সার্কেল সুপারিনটেনডেন্ট।

(জ) দফা (ছ) তে বর্ণিত কমিটি আবেদন প্রাপ্তির অনধিক ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন বোর্ডের নিকট পেশ করিবে এবং বোর্ডের অনুমোদন প্রাপ্তির পর আবেদনকারী প্রতিষ্ঠানকে অনুমোদনের তারিখ হইতে এই সুবিধা প্রদান করা হইবে।

৩। রহিতকরণ ও হেফাজত।-

এতদ্বারা অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১১ জুন, ২০০৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এসআরও নং-১১৬-আইন/২০০৯/৫২৪-মুসক রহিত করা হইল। তবে শর্ত থাকে যে, উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উহার অধীনে অনির্পন্ন কোন কার্যক্রম এমনভাবে অব্যাহত থাকিবে যেন উহা রহিত হয় নাই।

৪। এই প্রজ্ঞাপনের কার্যকরতা আগামী ১৬ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[ড. নাসিরউদ্দীন আহমেদ]
সচিব